

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-৪২০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

পরিপত্র

বিষয়ঃ চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে (পরিচালন ও উন্নয়ন) বরাদ্দকৃত অর্থ ব্যয়।

- সূত্রঃ (১) ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১, তারিখ: ০৩ জুলাই ২০২২
(২) ০৭.০০.০০০০.১১১.০১.০০১.২০২২-৩৩৪, তারিখ: ০৩ জুলাই ২০২২
(৩) ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬, তারিখ: ২১ জুলাই ২০২২
(৪) ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬৮, তারিখ: ১৩ ডিসেম্বর ২০২২

চলতি ২০২২-২৩ অর্থবছরের বাজেটের সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরির কর্তৃত্ব জারী করা হয়েছে। এ প্রেক্ষিতে সরকারি ব্যয়ে কৃষিসাধনের লক্ষ্যে অর্থ বিভাগ হতে ইতিপূর্বে জারিকৃত সূত্রোল্লিখিত স্মারক ও পরিপত্রসমূহের অনুবৃত্তিক্রমে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে (পরিচালন ও উন্নয়ন) বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবেঃ

- (ক) চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন বাজেটের অধীন প্রদর্শিত বরাদ্দ শতভাগ ব্যয় করা যাবে; তবে-
- (১) '৩১১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫% ব্যয় করা যাবে;
- (২) '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং
- (৩) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে।
- (খ) চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে উন্নয়ন বাজেটের অধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত নির্ধারিত 'এ' ক্যাটাগরি চিহ্নিত প্রকল্পে জিওবি অংশে বরাদ্দকৃত অর্থ শতভাগ এবং 'বি' ক্যাটাগরি চিহ্নিত প্রকল্পে জিওবি অংশে বরাদ্দকৃত অর্থের ১৫ (পনেরো) শতাংশ সংরক্ষিত রেখে অনূর্ধ্ব ৮৫ (পঁচাশি) শতাংশ ব্যয় করা যাবে। এছাড়া, 'সি' ক্যাটাগরিভুক্ত প্রকল্পের অর্থ ছাড় পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে। তবে-
- (১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৩১৩০১-প্রশিক্ষণ', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। এছাড়া, '৩১১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%, '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে; এবং
- (২) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে।

২। উপরের (ক) এবং (খ) অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।

৩। ক্যাটাগরি (এ, বি, সি) নির্বিশেষে যে সকল প্রকল্প ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত এবং কোনোক্রমেই মেয়াদ বৃদ্ধির অবকাশ নেই, সে সকল প্রকল্পের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করা যাবে এবং উপরোল্লিখিত খ(১) এবং খ(২) শর্তাবলি প্রযোজ্য হবে না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

১২.০৩.২০২৩
(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব

৯৫১৪১৪৬

ই-মেইলঃ anism321@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব,, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা